**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 25-02-2026** **Desk in Charge : SDG**
**Time : 7-50 P.M.** **Compiling : Priya B.**
**DEO: KB** **NRT : Priya B.**
**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ–

বিশেষ বিশেষ খবর –

১) হাওড়ার পিলখানায়, দুষ্কৃতীদের গুলিতে প্রমোটারের মৃত্যুর ঘটনায় দোষীদের অবিলম্বে গ্রেপ্তারের দাবীতে স্থানীয়দের প্রতিবাদ-বিক্ষোভকে কেন্দ্র করে আজ পরিস্থিতি উত্তাল হয়ে ওঠে। # মূল অভিযুক্ত হারুণ খান ও রোহিত, দুজনেই স্থানীয় বিধায়কের ঘনিষ্ঠ বলে বিজেপির অভিযোগ।

২/ SIR প্রক্রিয়ায় যেসমস্ত ভোটারদের নথি এখনো ওয়েবসাইটে আপলোড হয়নি, আগামীকাল বিকেলের মধ্যে তা' জুডিশিয়াল অফিসারদের হস্তান্তর করার জন্য ERO এবং AERO-দের নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

৩/ শীর্ষ আদালত জানিয়েছে, SIR-এর নথিপত্র যাচাইয়ের সময় দশম শ্রেণীর অ্যাডমিট কার্ড ও বোর্ড পরীক্ষার পাসের সার্টিফিকেট, অতিরিক্ত নথি হিসেবে পেশ করা যাবে।

৪/ আমদানি ও রপ্তানী বাণিজ্যের ক্ষেত্রে পণ্য পরিবহনে দেশীয় বাণিজ্যিক নৌবহর গড়ে তোলার উদ্যোগ নিয়েছে।

৫/ প্রাথমিকে ৩২ হাজার চাকরী বজায় রাখার কলকাতা হাইকোর্টের নির্দেশ চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে ফের মামলা দায়ের।

৬/ কলকাতা মেট্রোর ব্লু-লাইনের সেন্ট্রাল মেট্রো স্টেশনে আজ চার মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন Battery Energy Storage System চালু করা হয়েছে।

**********************************************************************

হাওড়ার গোলাবাড়ি থানার পিলখানায়, দুষ্কৃতীদের গুলিতে প্রমোটারের মৃত্যুর ঘটনায় দোষীদের অবিলম্বে গ্রেপ্তারের দাবীতে স্থানীয় বাসিন্দাদের প্রতিবাদ-বিক্ষোভকে কেন্দ্র করে আজ ধুন্ধুমার বাধে। এলাকার বাসিন্দারা দুপুর থেকে পিলখানা মোড়ে GT রোড অবরোধ করে দফায় দফায় বিক্ষোভ দেখাচ্ছেন। মূল অভিযুক্ত হারুণ খান ও রোহিতের বাড়িতে ভাঙচুর করে একদল উন্মত্ত জনতা। হারুনের বাড়ি থেকে জিনিস পত্র ও বাইক বের করে এনে রাস্তায় আগুন জ্বালিয়ে দেওয়া হয়। পরিস্থিতি সামাল দিতে বিশাল পুলিশ বাহিনী ও র‍্যাফ ঘটনাস্থলে পৌঁছয়। বিক্ষোভকারীদের সঙ্গে পুলিশের ধস্তাধস্তিও বাধে।

এদিকে, তৃণমূল কংগ্রেস বিধায়ক গৌতম চৌধুরী, নিহত প্রমোটার সৌফিক খানের বাড়ি গেলে তাঁকে ঘিরে ধরে বিক্ষোভ দেখান স্থানীয়রা। তাঁদের অভিযোগ, হারুণ খান ও রোহিত, দুজনেই বিধায়কের ঘনিষ্ঠ।

অন্যদিকে, পিলখানায় খবর সংগ্রহ করতে গিয়ে বেসরকারি টিভি চ্যানেলের সাংবাদিক ময়ূখ ঠাকুর চক্রবর্তী আক্রান্ত হন। ঘটনাস্থল থেকে কয়েক মিটার দূরেই তাঁকে আটকে একদল দুষ্কৃতী তাঁকে  মারধোর করে বলে অভিযোগ। তাঁর নাকের হাড় ভেঙে গেছে বলে খবর। সাংবাদিকের ওপর দুষ্কৃতী হামলার তীব্র নিন্দা করেছে প্রেস ক্লাব। প্রশাসনের কাছে তারা অবিলম্বে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন, রাজ্যে গুন্ডারাজ চলছে। মূল অভিযুক্ত দুজন অভিযুক্ত তৃণমূল কংগ্রেসে বিধায়কের ঘনিষ্ঠ বলে তাঁর অভিযোগ।

( বাইট- সুকান্ত)

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সমাজ মাধ্যমে বলেছেন, রাজ্যের মানুষ ভয় ও নিরাপত্তাহীনতার এই মহা-জঙ্গলরাজ থেকে মুক্তি চাইছে। সম্প্রতি কলকাতার বহু জায়গা থেকে বোমা উদ্ধার করা হয়েছে। তিনি বলেন, গতকালই রাজ্যের বিভিন্ন জেলা আদালতে বোমাতঙ্ক ছড়িয়েছিল।

উল্লেখ্য, আজ ভোরে দুই দুষ্কৃতী সৌফিক খান ওরফে সফিকুলকে খুব কাছ থেকে গুলি করে চম্পট দেয়। CCTV ফুটেজ খতিয়ে দেখে দুই অভিযুক্তকে চিহ্নিত করেছে পুলিশ।

************************

SIR প্রক্রিয়ায় যেসমস্ত ভোটারদের নথি এখনো ওয়েবসাইটে আপলোড হয়নি, আগামীকাল বিকেল ৫'টার মধ্যে তা' জুডিশিয়াল অফিসারদের হস্তান্তর করার জন্য ERO এবং AERO-দের নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

নির্বাচন কমিশনের তরফে আজ প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচি ও বিচারপতি বিপুল এম পাঞ্চোলির বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করা হলে, তাঁরা এই নির্দেশ দেন। শীর্ষ আদালত জানিয়েছে, ১৪'ই ফেব্রুয়ারী পর্যন্ত যে সমস্ত ভোটারদের নথি ERO এবং AERO-দের কাছে জমা হয়েছে অথচ আপলোড হয়নি, সেগুলি SIR-এর কাজে নিযুক্ত বিচারবিভাগীয় আধিকারিকদের হাতে তুলে দিতে হবে।

পাশাপাশি, সুপ্রিম কোর্ট আজ জানিয়েছে, SIR-এর নথিপত্র যাচাইয়ের সময় দশম শ্রেণীর অ্যাডমিট কার্ড ও বোর্ড পরীক্ষার পাসের সার্টিফিকেট, অতিরিক্ত নথি হিসেবে পেশ করা যাবে। শুধু মাত্র জন্ম তারিখ এবং অভিভাবকের তথ্য নিশ্চিত করতেই এই নথি গ্রহণ করা যাবে।

************************

মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের বাইরে দলীয় কর্মীদের উপর আক্রমণের ঘটনায় যথাযথ পদক্ষেপ গ্রহণের দাবি জানিয়ে বিজেপি, CEO মনোজ কুমার আগরওয়ালকে চিঠি দিয়েছে। দলের নেতা শিশির বাজোরিয়া ওই চিঠিতে অভিযোগ করেন, গতকাল বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপির প্রতিনিধি দলকে ঘেরাও করে দাঁড়িয়ে থাকা প্রত্যেকেই নিজেকে BLO বলে দাবি করেছেন। তৃণমূল কংগ্রেস-আশ্রিত দুষ্কৃতীরাই এই আক্রমণের পেছনে রয়েছে বলে তাঁর অভিযোগ। মুখ্য নির্বাচনী আধিকারিকের কার্যালয়ের প্রবেশ পথ পুরোপুরি পুলিশ প্রশাসনের নজরদারিতে থাকা সত্ত্বেও, পুলিশ নীরব দর্শকের ভূমিকা পালন করেছে। অবিলম্বে অপরাধীদের চিহ্নিত করে উপযুক্ত শাস্তি দেওয়ার জন্য শ্রী বাজোরিয়া CEO-র কাছে আর্জি জানিয়েছেন।

************************

মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের বাইরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীরকে ঘিরে বিক্ষোভ দেখানোর ঘটনায় পুলিশী নিষ্ক্রীয়তার অভিযোগে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়েছে। তাঁর নিরাপত্তা নিয়ে এর আগেও কলকাতা হাইকোর্ট পুলিশকে সতর্ক থাকার নির্দেশ দিলেও গতকালের ঘটনায় পুলিশ কোন ব্যবস্থা নেয়নি বলে

অভিযোগ। বিরোধী দলনেতার আইনজীবি আজ এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে, প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের বেঞ্চ, মামলা দায়েরের অনুমতি দিয়েছে।

***********************

আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে বিজেপি নেতা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আজ, উত্তর ২৪ পরগনার পানিহাটিতে 'গৃহ সম্পর্ক অভিযানে' অংশ নেন।
সাংবাদিকদের সুকান্তবাবু বলেন, বাংলার বাইরে অন্যান্য রাজ্য, কেন্দ্রীয় সরকারের বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্পের সুবিধা পেলেও, তৃণমূল কংগ্রেস সরকারের সদিচ্ছার অভাবে এরাজ্যের মানুষ তা' থেকে বঞ্চিত হচ্ছেন।
বাঁকুড়া সদর শহরের মাচানতলায়, আজ জনসংযোগ কর্মসূচীতে যোগ দেন বিজেপি নেতা দিলীপ ঘোষ। এক জনসভায় তিনি, রাজ্যে শান্তির পরিবেশ বজায় রাখতে বিজেপি সরকার গঠনের ডাক দেন।

***********************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় : **এ আই সামিট** এবং বিনোদন ও সংবাদ মাধ্যমে কৃত্রিম বুদ্ধিমত্তা। পরিচালক অতনু ঘোষ ও পরিচালক,সমালোচক এবং সাংবাদিক রত্নোত্তমা সেনগুপ্তর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী। আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির প্রথম পর্ব শুনবেন আজ রাত সাড়ে ন'টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে। এই অনুষ্ঠানের দ্বিতীয় তথা **শেষ পর্ব শুনতে পাবে আগামীকাল** রাত আটটায়।

***********************

আমদানি ও রপ্তানী বাণিজ্যের ক্ষেত্রে পণ্য পরিবহনে অন্যদেশের জাহাজের উপর নির্ভরতা কমাতে কেন্দ্রীয় সরকার ৭৭ হাজার কোটি টাকা খরচ করে দেশীয় বাণিজ্যিক নৌবহর গড়ে তোলার উদ্যোগ নিয়েছে। প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা পরিষদের সদস্য সঞ্জীব সান্যাল কলকাতায় বণিকসভা- 'বেঙ্গল চেম্বার অফ কমার্স' আয়োজিত শিপিং অ্যান্ড লজিস্টিক কনক্লেভে অংশ নিয়ে একথা জানান। তিনি বলেন, এখনও ভারতের আমদানি–রফতানির ৯০শতাংশেরও বেশি বিদেশি জাহাজে হয়। দেশের

অর্থনৈতিক নিরাপত্তার ক্ষেত্রে এটি বড় কৌশলগত দুর্বলতা। সামরিকভাবে শক্তিশালী নৌসেনা থাকার পাশাপাশি বাণিজ্যিক জাহাজের মালিকানাও দেশের হাতে থাকা জরুরি। এর ফলে দেশের পূর্বাঞ্চল, বিশেষত পশ্চিমবঙ্গ, উল্লেখযোগ্যভাবে উপকৃত হবে বলে তিনি জানান। প্রাচীন বন্দর চন্দ্রকেতু গড় ও তাম্রলিপ্তের ঐতিহ্য স্মরণ করিয়ে প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা পরিষদের সদস্য বলেন, সমুদ্র বাণিজ্যে বাংলার ঐতিহাসিক ভূমিকা রয়েছে। বর্তমানে কলকাতা ও হলদিয়া বন্দর, এবং গার্ডেনরিচ শিপ বিল্ডার্সের মতো সংস্থা নতুন নীতির সুফল নিতে পারে। পূর্ব উপকূলের ভৌগোলিক সুবিধা ও বর্তমান পরিকাঠামোকে কাজে লাগানোর ওপর জোর দেন তিনি।

কেন্দ্র ইতিমধ্যেই জাহাজ নির্মাণ, বন্দর উন্নয়ন এবং জাহাজের ফ্ল্যাগিংকে অগ্রাধিকার ক্ষেত্র হিসেবে চিহ্নিত করেছে। জাহাজকে পরিকাঠামোর মর্যাদা দেওয়া হয়েছে। বিনিয়োগ টানতে, মালিকানা সংক্রান্ত আইনেও সংশোধন আনা হয়েছে।

***********************

কলকাতা মেট্রোর দক্ষিণেশ্বর থেকে কবি সুভাষ ব্লু লাইনের সেন্ট্রাল মেট্রো স্টেশনে আজ ৪ মেগাওয়াট Battery Energy Storage System –BESS ক্ষমতাসম্পন্ন চালু করা হয়েছে। ভারতীয় রেলে এই প্রথম এই ব্যবস্থা চালু হল বলে মেট্রোর তরফে জানানো হয়েছে। কলকাতা মেট্রোর জেনারেল ম্যানেজার S. S. মিশ্র আজ এর উদ্বোধন করে জানান, এই ব্যবস্থায় ইনভার্টার ও এডভ্যান্সড কেমিস্ট্রি সেল ( ACC ) ব্যাটারি রয়েছে, যা বিদ্যুৎ বিভ্রাটের ক্ষেত্রে বিদ্যুৎ সরবরাহ করতে সক্ষম। Battery Energy Storage চালু হওয়ার ফলে বিদ্যুৎ বিভ্রাট হলে ট্রেন গুলি টানেলে আটকে না থেকে নিকটবর্তী স্টেশনে পৌঁছাতে পারবে, ফলে যাত্রী নিরাপত্তা সুনিশ্চিত করা সম্ভব হবে বলে তিনি জানান। ( বাইট- জিএম )

***********************

পশ্চিমবঙ্গে প্রাথমিকে ৩২ হাজার চাকরি বহাল রাখার কলকাতা হাইকোর্টের নির্দেশ চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছেন মূল মামলাকারী সুপর্না নস্কর। শীর্ষ আদালতে একটি বিশেষ লিভ পিটিশন এসএলপি দাখিল করে অভিযোগ করা হয়েছে, যে হাইকোর্ট মানবিকতার অজুহাতে দুর্নীতি করে পাওয়া চাকরি বহাল রেখেছে। এর

আগে কলকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের বেঞ্চ, গোটা নিয়োগ প্রক্রিয়ায় দুর্নীতির হদিশ পেয়ে ঐ চাকরি বাতিল করেছিল। কিন্তু দুর্নীতি করে নিয়োগের যাবতীয় প্রমাণ থাকা সত্ত্বেও ডিভিশন বেঞ্চ শুধু মানবিকতার যুক্তিতে ওই চাকরি বজায় রেখেছে, যা বেআইনি। আগামী সপ্তাহে শীর্ষ আদালতে মামলার শুনানির সম্ভাবনা।

***********************

মহিলাদের স্বাস্থ্য সুরক্ষা এবং নিরাময়যোগ্য জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে কেন্দ্র খুব শীঘ্রই দেশব্যাপী হিউম্যান প্যাপিলোমা ভাইরাস HPV ভ্যাক্সিন চালু করতে চলেছে। এই কর্মসূচীর আওতায় ১৪ বছর বয়সী প্রায় ১ কোটি ১৫ লক্ষ মেয়েদের প্রতি বছর এই টীকা দেওয়া হবে।

উল্লেখ্য, সার্ভাইকাল ক্যান্সারে আক্রান্তের নিরিখে ভারত এই মুহূর্তে বিশ্বের মধ্যে দ্বিতীয়স্থানে। প্রতি বছর দেশ ৮০ হাজার সার্ভাইকাল ক্যান্সার আক্রান্ত রোগীর সন্ধান মেলে। যার মধ্যে ৪২ হাজারের বেশি মৃত্যু হয় বলে দেখা গেছে।

***********************

রাজ্যে আগামী কয়েক দিন তাপমাত্রার বিশেষ হেরফের না হলেও মার্চ মাসের শুরু থেকেই দু থেকে চার ডিগ্রি পর্যন্ত তাপমাত্রা বাড়বে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। আলিপুরে আজসর্বনিম্ন তাপমাত্রার রেকর্ড করা হয় ১৯ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে কিছুটা কম। সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩০ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের চেয়ে প্রায় দেড় ডিগ্রী কম। গতকাল দার্জিলি পাহাড়ি এলাকায় দু এক জায়গা থেকে হালকা শিলাবৃষ্টির খবর পাওয়া গেছে।

***********************

নভি মুম্বইয়ে আজ ডেভলপমেন্ট লিগ ফুটবলে ইস্টবেঙ্গল ও সেসা গোয়া খেলাটি ১-১ গোলে শেষ হয়েছে। ইস্টবেঙ্গলের আন্দ্রেউস গোল করেছে।

********************************************************************